

■ সুনান আবু দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ৪৬৯৬

৩৫/ সুন্নাহ (كتاب السنة)

পরিচ্ছেদঃ ১৭. তাকদীর সম্পর্কে

بَابُ فِي الْقَدَرِ

আরবী

حَدَّثَنَا مُسَدَّدٌ، حَدَّثَنَا يَحْيَى، عَنْ عُثْمَانَ بْنِ غِيَاثٍ، قَالَ: حَدَّثَنِي عَبْدُ اللَّهِ بْنُ بُرِيَّةَ، عَنْ يَحْيَى بْنِ يَعْمَرَ، وَحُمَيْدٌ بْنُ عَبْدِ الرَّحْمَنِ، قَالَا: لَقِيَنَا عَبْدُ اللَّهِ بْنُ عُمَرَ فَذَكَرَنَا لَهُ الْقَدَرُ وَمَا يَقُولُونَ فِيهِ فَذَكَرَ نَحْوَهُ زَادَ قَالَ: وَسَأَلَهُ رَجُلٌ مِنْ مُزِينَةَ أَوْ جُهِينَةَ فَقَالَ يَا رَسُولَ اللَّهِ فِيمَا نَعْمَلُ أَفِي شَيْءٍ قَدْ خَلَأْ أَوْ مَضَى أَوْ فِي شَيْءٍ يُسْتَأْنِفُ الْأَنَّ؟ قَالَ: فِي شَيْءٍ قَدْ خَلَأْ وَمَضَى فَقَالَ الرَّجُلُ أَوْ بَعْضُ الْقَوْمِ: فَفِيمَا الْعَمَلُ؟ قَالَ: إِنَّ أَهْلَ الْجَنَّةِ يُيَسِّرُونَ لِعَمَلِ أَهْلِ الْجَنَّةِ، وَإِنَّ أَهْلَ النَّارِ يُيَسِّرُونَ لِعَمَلِ أَهْلِ النَّارِ

صحيح

বাংলা

৪৬৯৬। ইয়াহইয়া ইবনু ইয়া'মুর ও হুমাইদ ইবনু আব্দুর রাহমান (রহঃ) সুত্রে বর্ণিত। তারা উভয়ে বলেন, একদা আমরা আব্দুল্লাহ ইবনু উমার (রাঃ)-এর সঙ্গে সাক্ষাৎ করে তাকে তাকদীর ও এ বিষয়ে সমালোচনাকারীদের বক্তব্যও তুলে ধরি। অতঃপর পূর্বোক্ত হাদীসের অনুরূপ। এতে আরো রয়েছেঃ তিনি বলেন, মুজাইনাহ ও যুহাইনাহ গোত্রের এক ব্যক্তি বলেন, হে আল্লাহর রাসূল! আমরা যা করি তা কি পূর্ব নির্ধারিত অনুযায়ী করি, না স্বয়ংক্রিয়ভাবে ঘটে থাকে? তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বললেনঃ আমাদের আমল পূর্ব-নির্ধারিত। তখন লোকটি বা উপস্থিত লোকদের কেউ বললো, তাহলে আমাদের আমলের মূল্য কি? তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বললেনঃ জাহানাতীদের জন্য জাহানাতের উপযোগী আমল করা সহজ করে দেয়া হয় এবং জাহানামীদের জন্য জাহানামের উপযোগী আমল সহজ করে দেয়া হয়। [1]

সহীহ।

English

The tradition mentioned above has also been transmitted by Yahya b. Yamur and Humaid b. 'Abd al-Rahman through a different chain of narrators. This version has :

we met 'Abd Allah b. 'Umar. We told him about divine decree and what they said about it. He then mentioned something similar to it. He added : A man of Muzainah or juhainah asked : What is the good in doing anything, Messenger of Allah ? should we think that a thing has passed and gone or a thing that has happened now (without predestination)? He replied : About a thing that has passed and gone (i.e. predestined). A man or some people asked: Then, why action? He replied: Those who are among the number of those who go to Paradise will be helped to do the deeds of the people who will go to Paradise, and those who are among the number of those who go to Hell will be helped to do the deeds of those who will go to Hell.

ফুটনোট

[1]. মুসলিম।

হাদিসের মান: সহিহ (Sahih) পুঁজিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী □ বর্ণনাকারীঃ ইয়াহুদা ইবন ইয়া'মুর (রহঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=62064>

₹ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন